

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা।  
[মুসক আইন ও বিধি শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.১৮.০০৪.১৮/১৩৪৮ (৮)

তারিখঃ ২৯ কার্তিক, ১৪২৫ বঙ্গাব্দ।  
১৩ নভেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ সাধারণ আদেশ নং- ১০/মুসক/২০১৮, তারিখঃ ১৯ জুলাই, ২০১৮ খ্রিস্টাব্দ এর আওতায় সমুদ্রগামী জাহাজ “M.V. AKIJ GLORY” শুল্কায়নের জন্য অনাপত্তি প্রদান।

সূত্রঃ (১) মেসার্স আকিজ ওশেন লাইন লিঃ এর পত্র নং- এওএলএল/এমডি/১৮/৪১৫, তারিখঃ ২৯ আগস্ট, ২০১৮ খ্রিস্টাব্দ।  
(২) জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং-১০/মুসক/২০১৮, তারিখঃ ১৯ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, মেসার্স আকিজ ওশেন লাইন লিঃ হতে প্রাপ্ত সূত্রীয় (১) নং পত্রের মাধ্যমে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং- ১০/মুসক/২০১৮, তারিখঃ ১৯ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ এর আওতায় সমুদ্রগামী জাহাজ আমদানির ক্ষেত্রে আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর হতে অব্যাহতি প্রদানের অনুমোদনের জন্য অনুরোধ জানিয়েছেন।

০২। সূত্রোক্ত (১) নং পত্রের মাধ্যমে মেসার্স আকিজ ওশেন লাইন লিঃ, আকিজ হাউস, ১৯৮ বীর উত্তম মীর শওকত আলী সড়ক, তেজগাঁও শি/এ, ঢাকা-১২০৮ এর আবেদনের পরিপ্রেক্ষিতে সূত্রোক্ত (২) নং এ বর্ণিত আদেশে বিধৃত শর্তাবলীর দফা (চ) অনুযায়ী আমদানিতব্য “M.V. AKIJ GLORY” (IMO No- 9362205) নামীয় জাহাজটির (Bulk Carrier) ধারণ ক্ষমতা DWT-73302 MT ও LWT-10522 MT, তৈরীর দেশ- Imabari Shipbuilding Co. Ltd., Marugame, Japan, তৈরীর সন: ২০০৬ উল্লেখপূর্বক উক্ত আদেশের শর্তাবলীর দফা (ক) হতে (ঙ) পর্যন্ত প্রতিপালন করবেন মর্মে ৩০০ টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করেছেন। দলিলাদি পর্যালোচনায় দেখা যায়, আমদানিতব্য জাহাজটি ২২ বছরের অধিক পুরাতন নয় এবং ৫০০০ DWT এর উর্ধ্বে যা আদেশের শর্তাবলীর সাথে সামঞ্জস্যপূর্ণ।

০৩। এমতাবস্থায়, জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং- ১০/মুসক/২০১৮, তারিখঃ ১৯ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ এর আওতায় সমুদ্রগামী জাহাজ “M.V. AKIJ GLORY” (IMO No- 9362205) আমদানির ক্ষেত্রে আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর হতে অব্যাহতির বিধান কার্যকর করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডের অনাপত্তি জ্ঞাপন করা হলো।

[ হাছান মুহম্মদ তারেক রিকাবদার ]  
প্রথম সচিব (মুসক নীতি)

প্রাপকঃ

ব্যবস্থাপনা পরিচালক  
মেসার্স আকিজ ওশেন লাইন লিঃ  
আকিজ হাউস, ১৯৮ বীর উত্তম মীর শওকত আলী সড়ক,  
তেজগাঁও শি/এ, ঢাকা-১২০৮।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১-৬। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/আইসিডি, কমলাপুর/মংলা/বেনাপোল/পানগাঁও।
- ৭। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
- ৮। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে আপলোডকরণ সহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৯। মহা-পরিচালক, নৌ-পরিবহন অধিদপ্তর, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
- ১০। প্রথম সচিব (শুল্ক: নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ১১। প্রথম সচিব (মুসক-বাস্তবায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ১২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

মোঃ তারেক হাসান  
দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)